# Visit of Minister of State for External Affairs, Dr. Rajkumar Ranjan Singh to Jakarta, Indonesia

August 27, 2022

---

# পররাষ্ট্র দফতরের রাষ্ট্রমন্ত্রী ডক্টর রঞ্জন সিং এর জাকার্তা,ইন্দোনেশিয়া সফর

আগস্ট 27,2022

পররাষ্ট্র দফতর এবং শিক্ষা দফতরের রাষ্ট্রমন্ত্রী ডক্টর রঞ্জন সিং 27-28 আগস্ট 2022সরকারি সফরে আসিয়ান সচিবালয়ে যাবেন। এটি তার প্রথম আসিয়ান সচিবালয় ও ইন্দোনেশিয়া সফর। সফর চলাকালীন মাননীয় রাষ্ট্রমন্ত্রী আসিয়ান সচিবালয়ে পূর্বনির্ধারিত কাজ ছাড়াও দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক শক্তিশালী করার কাজ এবং ভারতীয় অভিবাসীদের সাথে আলোচনা করবেন।

সফর চলাকালীন মাননীয় রাষ্ট্রমন্ত্রী আসিয়ানের মহাসচিব মিস্টার লিম জোক হোই এর সাথে যুগ্মভাবে আসিয়ান-ইন্ডিয়ান নেটওয়ার্ক অফ ইউনিভারসিটি (এ আই এন ইউ)-র উদ্বোধন এবং আসিয়ান ও ভারতের সংলাপ সম্পর্কের 30 তম বর্ষপূর্ন হওয়ার উদযাপন করবেন। 2018 সালের আসিয়ান-ভারত স্মারক সম্মেলণে মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এআইএনইউ -এর কথা ঘোষণা করেছিলেন যা ভারত ও আসিয়ানের প্রধান প্রতিষ্ঠানগুলির একটি সংঘ হিসাবে কাজ করবে এবং ভারত ও আসিয়ানের সদস্য দেশের শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানগুলি অংশীদারিত্বের ভিত্তিতে জ্ঞান সম্পদের একটি নেটওয়ার্ক তৈরি করবে। ভারতে নালন্দা বিশ্ববিদ্যালয় এবং আসিয়ানে আসিয়ান ইউনিভার্সিটি নেটওয়ার্ক দ্বারা এআইএনইউ বাস্তবায়িত হয়েছে।

রাষ্ট্রমন্ত্রী আসিয়ান- ভারত সম্পর্ক আরো জোরদার করার জন্য আসিয়ান গোষ্ঠীর সাথে আলোচনা করবেন। তিনি শিক্ষা, জনগণের সাথে জনগণের যোগাযোগ, প্রতিষ্ঠানের সাথে প্রতিষ্ঠানের সংযোগ এবং চতুর্থ দশকে আসিয়ান-ভারত অংশীদারত্ব আরো এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়েও আলোচনা করবেন।

**নিউদিল্লি**
**আগস্ট 27,2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.